বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
প্রশাসন বিভাগ
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.bffwt.gov.bd

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১১.১০৪.২২-১৭৮৫

তারিখ: ১৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর অধীন সংবিধিবদ্ধ সংস্থা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর জন্য বিভিন্ন গ্রেডের নিম্নোক্ত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদের সংখ্যা | প্রার্থীর বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | উপ-মহাব্যবস্থাপক<br>(গ্রেড-৪)<br>বেতন স্কেল-৫০০০০-৭১২০০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৪০ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য) | যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ স্ব-স্ব ক্ষেত্রে ১২ বছরের অভিজ্ঞতা অথবা স্নাতক ডিগ্রিসহ ১৭ বছরের অভিজ্ঞতা। |
| ০২ | উপ-প্রধান প্রকৌশলী (সিভিল)<br>(গ্রেড-৫)<br>বেতন স্কেল-৪৩০০০-৬৯৮৫০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩৮ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪২ বছর পর্যন্ত শিথিলযোগ্য) | পেশাগত ন্যূনতম ০৮ বছরের অভিজ্ঞতাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে স্নাতক (সিভিল) প্রকৌশল অথবা পেশাগত ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ০৩ | উপ-ব্যবস্থাপক<br>(গ্রেড-৬)<br>বেতন স্কেল-৩৫৫০০-৬৭০১০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩৫ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বছর পর্যন্ত শিথিলযোগ্য | স্নাতকোত্তর ডিগ্রীসহ স্ব-স্ব ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতা অথবা স্নাতক ডিগ্রীসহ ১০ বছরের অভিজ্ঞতা |
| ০৪ | বেসিক কর্মকর্তা<br>(গ্রেড-৯)<br>বেতন স্কেল-২২০০০-৫৩০৬০/- | ০৩ (তিন) টি | সর্বোচ্চ ৩০ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বছর পর্যন্ত শিথিলযোগ্য) | যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রী |
| ০৫ | সহকারী কর্মকর্তা (অটোমোবাইল)<br>(গ্রেড-১০)<br>বেতন স্কেল- ১৬০০০-৩৮৬৪০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বছর পর্যন্ত | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বছরের অভিজ্ঞতাসহ অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা |
| ০৬ | সহকারী কর্মকর্তা (আইটি)<br>(গ্রেড-১০)<br>বেতন স্কেল- ১৬০০০-৩৮৬৪০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বছর পর্যন্ত | সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতাসহ কম্পিউটার সাইন্স ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা |
| ০৭ | সহকারী কর্মকর্তা<br>(গ্রেড-১০)<br>বেতন স্কেল- ১৬০০০-৩৮৬৪০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বছর পর্যন্ত | যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রী |
| ০৮ | অফিস সহকারী গ্রেড-১ কাম-কম্পিউটার অপারেটর,<br>(গ্রেড-১১)<br>বেতন স্কেল ১২৫০০-৩০২৩০/- | ০৩ (তিন) টি | ১৮-৩০ বছর | (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণসহ ০৩ বছরের অভিজ্ঞতা<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার টাইপিং-এ ইংরেজি ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ (প্রতি মিনিটে) গতি সম্পন্ন হতে হবে |
| ০৯ | ফটোকপি অপারেটর (গ্রেড-১৭)<br>বেতন স্কেল-৯০০০-২১৮০০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বছর পর্যন্ত | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ |
| ১০ | ডেসপাচ রাইডার (গ্রেড-১৯)<br>বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০২ (দুই) টি | ১৮-৩০ বছর পর্যন্ত | মটর সাইকেল চালানোর অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ |
| ১১ | অফিস সহায়ক (গ্রেড-১৯)<br>বেতন স্কেল-৮৫০০-২০৫৭০/- | ০৫ (পাঁচ) টি | ১৮-৩০ বছর পর্যন্ত | ৮ম শ্রেণী পাশ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | নিরাপত্তা প্রহরী (গ্রেড-১৯)<br>বেতন স্কেল-৮,৫০০-২০,৫৭০/- | ০৬ (ছয়) টি | ১৮-৩০ বছর পর্যন্ত<br>সেনা বাহিনী/পুলিশ বাহিনী/ আনসার বাহিনীর প্রাক্তন সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে। সেক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | ১) ৮ম শ্রেণী পাশ<br>২) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| | মোট- | ২৬(ছাব্বিশ) টি | | |

<u>আবেদনের শর্তাবলী:-</u>

০১। সচিব (উপসচিব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (৫ম তলা), স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর লিখিত আবেদনপত্র আগামী ৩১-০১-২০২৩ খ্রি. তারিখে অফিস সময়ের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত ও হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

০২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) ৩১-০১-২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (ছ) জাতীয়তা (জ) বীর মুক্তিযোদ্ধার সন্তান কি-না (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ/গ্রেড উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঠ) আবদনপত্রের সাথে পে-অর্ডারের মূল কপি সংযুক্ত করতে হবে;

০৩। <u>আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে:</u>
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের/সাময়িক সনদপত্রের ছায়ালিপি (প্রবেশপত্র/মার্কশিট গ্রহণযোগ্য নয়);
(খ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূলকপি);
(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;

০৪। আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে এবং প্রার্থী যে ঠিকানায় পত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা নামসহ উল্লেখপূর্বক ২০.০০ (বিশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে;

০৫। ক্রমিক নম্বর ১-৪ পর্যন্ত ৬০০/-(ছয়শত) টাকা, ৫-৭ পর্যন্ত ৫০০/-(পাঁচশত) টাকা, ০৮ নম্বর ক্রমিকের জন্য ৩০০/-(তিনশত) এবং ০৯-১২ পর্যন্ত ১০০/-(একশত) টাকার পে-অর্ডার 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট'-এর অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০৬। আগামী ৩১-০১-২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে হতে হবে। তবে ৫-১২ নম্বর ক্রমিকে বর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে বিগত ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে, সে সকল প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন;

০৭। মুক্তিযোদ্ধা কোটার (প্রযোজ্য গ্রেড/পদে) ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পোষ্যদের বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। সেক্ষেত্রে কোটার স্বপক্ষে দালিলিক প্রমাণাদি সংযুক্ত করতে হবে;

০৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৯। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১১। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না;

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান অনুসরণ করা হবে;

১৩। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৪। যে কোন পর্যায় এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১৫। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৬। কোনো ধরণের ব্যক্তিগত যোগাযোগ/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

28/12/2022

(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
ফোন: ২২৩৩৫০৭৬৪
ই-মেইলঃ-secy@bffwt.gov.bd